



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



পিআর ৭৫/২১

তারিখ: ১০ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
২৫ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

শ্রেণি বিজ্ঞপ্তি

বিষয় : এন্টি টেররিজম ইউনিট কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন 'আনসার আল ইসলাম' সংগঠক ও সক্রিয় সদস্য শ্রেণিতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি চৌকস দল গোপন সংবাদ ও নিজস্ব নজরদারীর ভিত্তিতে ২৫ আগস্ট ২০২১ খ্রি: তারিখ ভোর ০৪.০০ ঘটিকার সময় মৌলভীবাজার সদর মডেল থানা এলাকার জগন্নাথপুর গ্রামে অভিযান পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন 'আনসার আল ইসলাম' এর সংগঠক ও সক্রিয় সদস্য মো: আজিজুর রহমান জাহিন (১৮) কে শ্রেণিতার করে। তার পিতা- মো: আতাউর রহমান, মাতা- মোছা: হুছনা বেগম, গ্রাম- জগন্নাথপুর, মৌলভীবাজার সদর মডেল থানা, জেলা- মৌলভীবাজার। অভিযান পরিচালনাকালে তার সহযোগী ৩/৪ জন অজ্ঞাতনামা সদস্য পালিয়ে যেতে সক্ষম হয়।

ধৃত আসামী মো: আজিজুর রহমান জাহিন তার ফেসবুক আইডি ব্যবহার করে উগ্রপন্থী মতবাদ, গণতন্ত্র ও রাষ্ট্র বিরোধী বিভিন্ন পোস্টের মাধ্যমে সহযোগীদের জঙ্গিবাদী কার্যক্রমে উদ্বুদ্ধ, জিহাদের প্রশিক্ষণের আহবান, সদস্য সংগ্রহ এবং বিভিন্ন উগ্রবাদী বই, স্ক্রিনশট ও উগ্রবাদী ভিডিও আদান প্রদান করতো। কথিত ইসলামী খেলাফত প্রতিষ্ঠা করাই ছিল তাদের মূল উদ্দেশ্যে। আসামী ফেইসবুকসহ বিভিন্ন অনলাইন যোগাযোগের মাধ্যমে 'আনসার আল ইসলাম' এর মতবাদ প্রচারের জন্য প্রচারণা চালাত। এজন্য সে বিভিন্ন ধরনের বই ও প্রচারপত্র তৈরী করে অনলাইনে ও সরাসরি তার সহযোগীদের মধ্যে বিতরণ করত।

শ্রেণিতারকৃত আসামী এবং তার সহযোগীগণ নিয়মিতভাবে গোপনে মৌলভীবাজার জেলার বিভিন্ন স্থানে মিলিত হয়ে এবং অনলাইনে 'আনসার আল ইসলাম' এর উগ্রপন্থী মতাদর্শ প্রচার প্রচারণা চালিয়ে আসছিল। তারা নিজেদের মধ্যে বিভিন্ন সিকিউরড অ্যাপস এর মাধ্যমে যোগাযোগ রক্ষা করে রাষ্ট্রবিরোধী প্রচার-প্রচারণা, অনলাইন সম্মেলন ও অনলাইনভিত্তিক প্রচারণা, গণতান্ত্রিক ব্যবস্থার বিরুদ্ধে খিলাফত প্রতিষ্ঠার উদ্দেশ্যে সংহতি, জননিরাপত্তা বিপন্ন ও জনমনে আতঙ্ক সৃষ্টির লক্ষ্যে সাংগঠনিক কার্যক্রম পরিচালনা এবং প্রচারণা চালাচ্ছিল। শ্রেণিতারকৃত আসামীকে সাক্ষীদের উপস্থিতিতে তল্লাশী করে ০১ টি অ্যান্ড্রয়েড মোবাইল ফোন, ০২ টি সীম কার্ড ও বিপুল পরিমাণে উগ্রবাদী বই, প্রশিক্ষণ ও কৌশল বিষয়ক ম্যানুয়াল, প্রচারপত্রের সফট কপি, সংরক্ষিত ভিডিও, প্রিন্টেট বই ও পুস্তিকা জব্দ করা হয়েছে।

ধৃত আসামী মো: আজিজুর রহমান জাহিন এবং তার পলাতক অজ্ঞাতনামা সহযোগীদের বিরুদ্ধে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন 'আনসার আল ইসলাম' এর সদস্য পদ গ্রহণ, সমর্থন এবং রাষ্ট্রের বিরুদ্ধে ষড়যন্ত্র ও প্রচার প্রচারণার জন্য সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী/১৩) এর ৮/৯(৩)/১০/১৩ ধারায় মৌলভীবাজার সদর থানায় মামলা নং-৩৫, তারিখ-২৫/০৮/২০২১খ্রি: দায়ের করা হয়েছে।


২৫/০৮/২০২১

(মোহাম্মদ আসলাম খান)
পুলিশ সুপার
(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস)
এন্টি টেররিজম ইউনিট,
বাংলাদেশ পুলিশ, ঢাকা
E-mail: atu.spma@police.gov.bd